

সংসদে বিল উত্থাপিত
৪টি বিআইটিকে
বিশ্ববিদ্যালয়ে উন্নীত
করা হচ্ছে
 কাগজ প্রতিবেদক : গাজীপুর, রাজশাহী,
 চট্টগ্রাম ও বুলনা বিআইটিকে প্রকৌশল ও
 প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার লক্ষ্যে
 জাতীয় সংসদের গতকালের বৈঠকে ৪টি
 ● কংগ্রেস (১) স্থান ৬

৪টি বিআইটিকে
 ● শেষের প্রস্তাব পর
 বিল উত্থাপন করা হয়েছে।
 শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বিল
 ৪টি উত্থাপন করেন। এসব বিলে দেশের
 ৪টি ইনস্টিটিউট অফ টেকনোলজিকে
 উন্নীত ও রূপান্তর করে এসব প্রতিষ্ঠানের
 স্থান ও আওতাধীন একটি করে প্রকৌশল ও
 প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব করা
 হয়েছে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর, ভাইস
 চ্যান্সেলর, প্রোভাইস চ্যান্সেলর, সিন্ডিকেট
 ও একাডেমিক কাউন্সিলের সদস্যদের
 সম্মুখে ৪টি পৃথক প্রকৌশল ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয় গঠিত হবে। বর্তমান নামেই
 এসব বিশ্ববিদ্যালয়ের নামকরণ করার প্রস্তাব
 করা হয়েছে। সরকারি গেজেট প্রজ্ঞাপন
 দ্বারা সরকারের নির্ধারিত তারিখ থেকে এ
 আইন কার্যকর করার প্রস্তাব করা হয়েছে।
 দেশের ৪টি বিআইটিকে প্রকৌশল ও
 প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার লক্ষ্যে
 উত্থাপিত বিলের উদ্দেশ্য ও কারণ
 সংবলিত প্রথম বিবৃতিতে শিক্ষামন্ত্রী ড.
 ওসমান ফারুক বলেন, প্রকৌশল ও প্রযুক্তি
 ক্ষেত্রে উচ্চ শিক্ষার প্রসার এবং এ বিষয়ে
 উন্নত শিক্ষাদান, গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন
 ও হস্তান্তরের লক্ষ্যে চারটি প্রকৌশল ও
 প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে
 সরকার এ সিদ্ধান্ত গ্রহণ করেছে। সিদ্ধান্ত
 অনুসারে গাজীপুর (ঢাকা), রাজশাহী,
 বুলনা ও চট্টগ্রাম বিআইটিকে উন্নীত ও
 রূপান্তরের মাধ্যমে যথাক্রমে গাজীপুর
 প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী
 প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বুলনা
 প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নামে ৪টি
 বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। এ
 উদ্দেশ্যেই জাতীয় সংসদে বিলগুলো
 উত্থাপন করা হলো।
 প্রস্তাবিত ৪টি বিশ্ববিদ্যালয়ের
 চ্যান্সেলর হবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের
 রাষ্ট্রপতি। বিশ্ববিদ্যালয়ের কার্যাবলী
 সুদৃঢ়ভাবে সম্পাদনের জন্য এর বিজ্ঞপ্তি
 অনুযায়ী একাডেমিক কমিটি, ইনস্টিটিউট,
 শিক্ষক নিয়োগসহ বিভিন্ন অংশের
 বিধিবিধান বিলে নির্ধারণ করা হয়েছে।